


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সেতু ভবন, বনানী, ঢাকা।
www.bba.gov.bd

নম্বর: ৫০.০১.০০০০.০০০.১০৩.৯১.০০০১.২০-২৬২

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩৩
১০ মে ২০২৬

যানবাহন মেরামতকারী ওয়ার্কশপ তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের যানবাহনসমূহ মেরামতের লক্ষ্যে কিছু সংখ্যক মানসম্পন্ন যানবাহন মেরামতকারী ও e-GP (ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট)-তে নিবন্ধনকৃত ওয়ার্কশপকে শর্তসাপেক্ষে তালিকাভুক্ত করা হবে। এতদুদ্দেশ্যে, বিস্তারিত তথ্য/শর্তাদি সম্বলিত সিডিউল আগামী ১১/০৫/২০২৬ খ্রি: হতে ০৭/০৬/২০২৬ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালিন ২,০০০.০০/- (দুই হাজার) টাকার বিনিময়ে (অফেরতযোগ্য), কর্তৃপক্ষের অর্থ ও হিসাব শাখা হতে ক্রয় করা যাবে। সীলমোহরকৃত সিডিউল ০৮/০৬/২০২৬ খ্রি: বেলা- ১১:০০ ঘটিকা পর্যন্ত সেতু ভবনের ৩য় তলায় প্রশাসন শাখায় রক্ষিত টেন্ডার বক্সে জমা দিতে হবে এবং একই দিন বেলা- ১১:১৫ ঘটিকায় প্রাপ্ত সিডিউল জমা প্রদানকারীগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। প্রাপ্ত সিডিউল নির্ধারিত কমিটি কর্তৃক বাছাই ও ওয়ার্কশপ সরেজমিনে পরিদর্শন সাপেক্ষে তালিকাভুক্তি চূড়ান্ত করা হবে। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ বা সকল আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।



এ. এফ. এম. তাজুল ইসলাম

উপপরিচালক (প্রশাসন)

ফোন: +৮৮০২৫৫০৪০৩১৮

ফ্যাক্স: ০২৫৫০৪০৪৪৪

ইমেইল: dd-admn@bba.gov.bd